



নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৮৬.১৮-১৬১৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সংশোধিত প্রজ্ঞাপন

রাজশাহী মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী-কে সরকারি করায় উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ০৪ (চার) জন শিক্ষক-কে “জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০০০” অনুযায়ী তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে নিম্নোক্ত শর্ত মোতাবেক এ প্রতিষ্ঠানে যোগদানের তারিখ হতে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ-এ পদায়ন করা হলোঃ

ক্র: নং	নাম ও জন্ম তারিখ	পদবি	প্রতিষ্ঠানে যোগদানের তারিখ	বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫)
১.	ড. মোঃ নূরুল ইসলাম জন্ম তারিখ: ১৫/০২/১৯৬৯	প্রভাষক (উদ্ভিদ বিজ্ঞান)	২৫.০১.২০১৮	২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)
২.	মোসাম্মাঃ বিলকিছ বানু জন্ম তারিখ: ০৬/০৬/১৯৭১	প্রভাষক (দর্শন)	২৭.০১.২০১৮	২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)
৩.	মোঃ আলী আজগার জন্ম তারিখ: ০৫/০৪/১৯৬৬	প্রভাষক (পরিসংখ্যান)	২৮.০১.২০১৮	২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)
৪.	মাসুম আহমেদ জন্ম তারিখ: ২৭/১১/১৯৭৫	প্রভাষক (গণিত)	২৮.০১.২০১৮	২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)

শর্তসমূহ:

- সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;
- প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;
- প্রচলিত বিধি মোতাবেক তাদের জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;
- যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট শিক্ষকগণের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্মীকৃত কোন শিক্ষক/কর্মকর্তা অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবে না;
- প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাদের চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;
- সরকার কর্তৃক প্রণীতব্য/প্রণীত বিধি ও বিধান দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- যে কোন প্রকার করণিক ভুল উপযুক্ত প্রমাণ সাপেক্ষে সংশোধনযোগ্য।
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৯.০৭.২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৮৬.১৮-৪৩০ সংখ্যক আদেশে ১-৪ নং ক্রমিকে উল্লেখিত ০৪ (চার) জনের জন্য প্রযোজ্য অংশটুকু বাতিল বলে গণ্য হবে।

০৩। “জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০০০” এর বিধি-০৬ এ বর্ণিত বিধান মোতাবেক বর্ণিত শিক্ষকদের স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (বি.পি.এস.সি) এর সুপারিশের ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় তাঁদের চাকরি নিয়মিত ও স্থায়ী করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাঃ শাম্মী আজগার)

উপসচিব

ফোনঃ ৫৫১০০৩৩৭

ই-মেইল: govt.sec3@moedu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬৮৬.১৮- ১৬১৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ০৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৬। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ০৭। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ০৮। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। জেলা প্রশাসক, রাজশাহী।
- ১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। পুলিশ সুপার, রাজশাহী (প্রয়োজনীয় পুলিশ তদন্ত সাপেক্ষে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ১৬। সিভিল সার্জন, রাজশাহী (প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৭। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
- ১৮। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরান পল্টন, ঢাকা।
- ২০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২১। অধ্যক্ষ, রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।
- ২২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২৩। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
- ২৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী।
- ২৫। জনাব.....।
- ২৬। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

